# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 25-09-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কর্মরত প্রাথমিক শিক্ষকদের বাধ্যতামূলক টেট উত্তীর্ণ হওয়ার নির্দেশ পুনর্বিবেচনার আর্জি জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হচ্ছে শিক্ষক সংগঠন এবিপিটিএ।

২) স্পেশাল এডুকেটর নিয়োগ পরীক্ষায় প্রশিক্ষণরত প্রার্থীদের আবেদন গ্রহণ করতে স্কুল সার্ভিস কমিশনকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) CBSE ২০২৬ সালের দশম ও দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষার সম্ভাব্য সূচি প্রকাশ করেছে।

৪) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়া চালানোর জন্য রাজ্যের পাঁচটি জেলায় বুথ লেভেল অফিসারের ঘাটতি দেখা দিয়েছে।

৫) নিম্নচাপের প্রভাবে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অংশে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ।

শহর কলকাতায় একের পর এক জলাভূমি ভরাটই সাম্প্রতিক বিপর্যয়ের অন্যতম কারণ বলে বিজেপি নেতা সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কর্মরত প্রাথমিক শিক্ষকদের টেট উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক বলে সুপ্রিমকোর্ট যে নির্দেশ দিয়েছে, তা পুনর্বিবেচনার আর্জি জানিয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হচ্ছে শিক্ষকদের সংগঠন অল বেঙ্গল প্রাইমারি টিচার্স অ্যাসোসিয়েশন-এবিপিটিএ। মহারাষ্ট্র সরকারের একটি মামলায় সব রাজ্যের ক্ষেত্রেই সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল প্রাথমিক শিক্ষকদের বাধ্যতামূলকভাবে টেট উত্তীর্ণ হতে হবে। যেসব শিক্ষক শিক্ষিকা টেট উত্তীর্ণ নন, তাঁদের চাকরি চালিয়ে যেতে হলে আগামী দু'বছরের মধ্যে টেট পাশ করতে হবে। পদোন্নতির ক্ষেত্রেও একই নির্দেশ প্রযোজ্য।

এরপরই তৎপর হয়ে ওঠে এরাজ্যের প্রাথমিক শিক্ষা পর্ষদ। বিজ্ঞপ্তি জারি করে ১৫ দিনের মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা সংসদের কাছে থেকে সংশ্লিষ্ট জেলার প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের তথ্য চেয়ে পাঠানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশেষ চাহিদা সম্পন্নদের জন্য স্পেশাল এডুকেটর নিয়োগ পরীক্ষায় প্রশিক্ষণরত প্রার্থীদের আবেদন গ্রহণ করতে স্কুল সার্ভিস কমিশনকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্য জানিয়েছেন, আজ বেলা ১ টার মধ্যে প্রশিক্ষণরত প্রার্থীরা এসএসসির দপ্তরে গিয়ে আবেদন পত্র জমা দিতে পারবেন।

উল্লেখ্য, গতকালই ছিল এই পদে আবেদনের শেষ দিন। NCTE গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণরতদের পরীক্ষায় বসার সুযোগ থাকলেও এসএসসি সেই অনুমোদন দিচ্ছে না বলে গত মঙ্গলবার কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

CBSE ২০২৬ সালের দশম ও দ্বাদশ শ্রেণির বোর্ড পরীক্ষার সম্ভাব্য সূচি প্রকাশ করেছে। আগামী বছরের বোর্ড পরীক্ষা শুরু হবে ১৭ ফেব্রুয়ারি থেকে। দশম শ্রেণির পরীক্ষা ১৮ই মার্চ এবং দ্বাদশ শ্রেণির পরীক্ষা ৪ঠা এপ্রিল পর্যন্ত চলবে। প্রতিটি পরীক্ষাই সকাল সাড়ে ১০ টা থেকে শুরু হবে।

CBSE কর্তৃপক্ষ জানিয়েছে, এবার প্রায় ৪৫ লক্ষ ছাত্রছাত্রী পরীক্ষায় বসবেন। দশম ও দ্বাদশ শ্রেণি মিলিয়ে মোট ২০৪টি বিষয়ে পরীক্ষা নেওয়া হবে। প্রয়োজনে এই সময়সূচি পরিবর্তন করা হতেও পারে বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

হাইকোর্ট এবং নিম্ন আদালতগুলির পরিকাঠামো উন্নয়ন নিয়ে দুদফায় বৈঠকে বসে সমাধান সূত্র বের করে পুজোর ছুটির পরই মুখ্যসচিব মনোজ পন্থকে রিপোর্ট পেশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চ গতকাল জানিয়েছেন, অর্থ সচিব, বিচারবিভাগীয় সচিব এবং হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলকে আগামী ১৫ অক্টোবর বৈঠকে বসতে হবে। সমাধান সূত্র না বেরোলে ফের ২২ অক্টোবর করতে হবে বৈঠক।

পরবর্তী শুনানির দিন অর্থাৎ ২৭ অক্টোবর এই বিষয় আদালতে রিপোর্ট জমা দেবেন রাজ্যের মুখ্যসচিব।

০০০০০০০০০০০০০০০০০০০০

সেবা ও সুশাসনের ভাবনায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের অগ্রগতি এবং রূপান্তরের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। আজ, সেবা পর্বের বিশেষ অধ্যায়ে আমরা তুলে ধরব কিভাবে মোদী সরকার, Innovations for Defence Excellence- iDEX এর মাধ্যমে ভারতের প্রতিরক্ষা ক্ষেত্রে উদ্ভাবনী

পরিমন্ডলকে শক্তিশালী করছে। আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট-সেবা)

oooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়া চালানোর জন্য রাজ্যের পাঁচটি জেলায় বুথ লেভেল অফিসারের ঘাটতি দেখা দিয়েছে।

কলকাতা উত্তর ও দক্ষিণ, হাওড়া, দক্ষিণ ২৪ পরগণা এবং পুরুলিয়ায় প্রায় ১ হাজার ৬০০ পদ এখনও শূন্য। ফলে জেলা নির্বাচনী আধিকারিকরা কমিশনের চতুর্থ নিয়মের অধীনে BLO নিয়োগের অনুমতি চাইতে বাধ্য হয়েছেন। এই নিয়ম অনুযায়ী কেন্দ্রীয় বা রাজ্য সরকারি প্রতিষ্ঠান থেকে ডেপুটেশনে আসা কর্মচারীদের BLO করা যাবে। তবে এর জন্য কমিশনের অনুমোদন আবশ্যক। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর ইতমধ্যেই এই বিষয়টি নির্বাচন কমিশনের গোচরে এনেছে।

উল্লেখ্য, কমিশনের নিয়ম অনুযায়ী, প্রথম তিন ধাপে বুথ-স্তরে সরকারি কর্মচারী, অঙ্গনওয়াড়ি কর্মী বা চুক্তিভিত্তিক শিক্ষক নিয়োগ করা যায়। কিন্তু সেই পথেও সমস্যার সমাধান না হওয়ায় এখন বিকল্প ব্যবস্থা হিসেবে চতুর্থ নিয়ম প্রয়োগ করতে চাইছে সংশ্লিষ্ট জেলা প্রশাসন।

oooooooooooooooooooo

উৎকোচ নেওয়ার অভিযোগে হুগলীর তারকেশ্বর থানার মহিলা অফিসারের বিরুদ্ধে দুর্নীতি দমন আইনে এফআইআর রুজু হয়েছে বলে রাজ্য সরকার, কলকাতা হাইকোর্টে জানিয়েছে। ডিএসপি পদমর্যাদার আধিকারিককে দিয়ে শুরু হয়েছে ঘটনার তদন্তও। বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চে গতকাল মামলার শুনানি হয়। এর আগে কর্তব্যে

গাফিলতি দেখিয়ে ওই অফিসারকে শুধুমাত্র শোকজ করার পদক্ষেপ নিয়ে আদালতের প্রশ্নের মুখে পড়ে রাজ্য।
উল্লেখ্য, মিথ্যে মামলায় ফাঁসিয়ে ওই অফিসার তাঁর কাছ থেকে টাকা দাবি করেছেন এই অভিযোগে, পেশায় ইঞ্জিনিয়ার বিল্টু হাজরা নামে এক ব্যক্তি আদালতের দ্বারস্থ হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পুজোর দিনগুলিতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের অভাবে যাতে ভোগান্তি না বাড়ে রাজ্য সরকার সেদিকে সতর্ক দৃষ্টি রাখছে। স্বাস্থ্য দফতরের তরফে জানানো হয়েছে, সরকারি হাসপাতালের আউটডোর বিভাগ অষ্টমী বাদে পুজোর বাকি দিনগুলি খোলা থাকবে। তবে ষষ্ঠী রবিবার হওয়ায় ওইদিন স্বাভাবিক নিয়মেই সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলির আউটডোর বন্ধ থাকছে। এই সময়ে রোগীর চাপ সামলাতে হাসপাতাল ও মেডিক্যাল কলেজে বিশেষ রোস্টার তৈরি করা হয়েছে। খোলা থাকবে স্বাস্থ্যভবনের কন্ট্রোল রুমও।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আলিপুর চিড়িয়াখানার দেড়শো বছর পূর্তির সমাপ্তি অনুষ্ঠানে গতকাল যোগ দেন রাজ্যের বনদপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী বীরবাহা হাঁসদা। অনুষ্ঠানে তিনি বলেন, চিড়িয়াখানার পশুদের প্রতি সরকার যথেষ্ট যত্নশীল। সম্প্রতি পশুর সংখ্যা কমে যাওয়া নিয়ে যে অভিযোগ উঠেছিল, পরবর্তীকালে তদন্ত করে দেখা গেছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন।

(বাইট – বীরবাহা)

অনুষ্ঠানে ভারতীয় ডাক বিভাগের পক্ষ থেকে একটি স্মারক প্রকাশ করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মধ্য বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণাবর্তটি আজ পশ্চিম দিকে অগ্রসর হয়ে নিম্নচাপে পরিণত হতে পারে। আগামীকাল সেটির গভীর নিম্নচাপে রূপ নেবার সম্ভাবনা।

এর প্রভাবে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গের সব জায়গায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ। উত্তরবঙ্গের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

(বাইট - হাবিবুর)

২৮ তারিখ পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

ooooooooooooooooooooo

শহর কলকাতায় একের পর এক জলাভূমি ভরাটই সাম্প্রতিক বিপর্যয়ের অন্যতম কারণ বলে বিজেপি নেতা সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। রামসার সাইট হিসেবে ঘোষিত পূর্ব কলকাতা জলাভূমির ওপর বহুতল নির্মাণ হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

( বাইট -সুকান্ত)

এদিকে, বর্ষণজনিত নানা কারণে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- **১১**। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল রাজ্য সরকারের পক্ষ থেকে মৃতদের পরিবারকে ২ লক্ষ টাকা অর্থ সহায়তা দেওয়ার কথা ঘোষণা করেন। তিনি বলেন, CESC-র পক্ষ থেকে যদি কোনওরকম ব্যবস্থা না করা হয় তাহলে রাজ্য সরকার ক্ষতিগ্রস্ত পরিবারগুলির একজন সদস্যকে হোমগার্ডের চাকরি দেবে।

অন্যদিকে, প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন এলাকা ধীরে ধীরে স্বাভাবিক ছন্দে ফিরছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

OOOOOOOOOOOOOOOOOOOO

OOOOOOOOOOOOOOOOOOOOO